**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়**
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/রেজি./নিয়োগ (শিক্ষক)/২০২৫(০১)-১৬১ তারিখঃ ২৭-০৩-২০২৫ খ্রিঃ

**শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী এবং নির্দেশনা সংক্রান্ত তথ্যাবলী:**

**প্রভাষক**

প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় **সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়**-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে ।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হবে না।

**সহকারী অধ্যাপক**

১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় **সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়**-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে ।

২. সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**অথবা**

গবেষণায় ০৪(চার) বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে সরাসরি আবেদন করতে পারবেন।

**অথবা**

সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে সরাসরি আবেদন করতে পারবেন।

৩. স্বীকৃত জার্নালে নূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।

**সহযোগী অধ্যাপক**

১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় **সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়**-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে ।

২. সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**অথবা**

সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে নূনতম ০৬ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।

**অধ্যাপক**

১. প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.০০ এবং স্নাতক (সম্মান)/স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় **সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়**-এ সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

২. সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর/এমএসসি/এমএস/এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

**অথবা**

সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৩. প্রার্থীদের স্বীকৃত জার্নালে ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকতে হবে। **সহযোগী অধ্যাপক** হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।

চলমান পাতা ../২

স্মারক নং-শেকৃবি/রেজি./নিয়োগ (শিক্ষক)/২০২৫(০১)-১৬১ তারিখ: ২৭-০৩-২০২৫ খ্রি:

**সাধারণ নিয়মাবলি**

১. সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
২. অবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
৩. অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগ/বিষয়-এ শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
৪. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় চাকুরিকাল হিসাব করার ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা হবে।
৫. আর্কিটেকচার, চারুকলা, নাট্যকলা, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ, সংগীত, নৃত্যকলা, ফিল্ম এন্ড মিডিয়া সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণমূলক প্রযোজনা উপস্থাপনা ও রচনার জন্য অর্জিত পুরস্কার/ক্যাটালগ/সার্টিফিকেট মূল্যায়ন সাপেক্ষে প্রকাশনা হিসাবে বিবেচনা করা যাবে।
৬. বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসেবে গণ্য করে কোনো পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাবে না।

**প্রার্থীদের জন্য পালনীয় শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:**

১. আগ্রহী প্রার্থীদের এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sau.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণকরত: প্রভাষক ও সহকারী অধ্যাপক পদের জন্য মূল সেটসহ ০৬ (ছয়) সেট এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদের জন্য মূল সেটসহ ০৮ (আট) সেট আবেদনপত্র আগামী **১৭-০৪-২০২৫ তারিখ বৃহস্পিতিবার বিকাল ৫:০০ টার মধ্যে** (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে) জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
২. আবেদনের সাথে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা প্রবন্ধ/প্রকাশনার কপি ও অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, নাগরিকত্ব সনদ ইত্যাদি কাগজপত্র এবং **'রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ঢাকা-১২০৭** হতে উত্তোলনযোগ্য (অফেরতযোগ্য) প্রভাষক ও সহকারী অধ্যাপক পদের জন্য ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদের জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
৩. চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪. প্রার্থীকে আবেদন জমাদানের সময় খাম/ইনভেলপের উপরে ডান পার্শ্বে 'ইনস্টিটিউট অব সীড টেকনোলজি'-এর পদসমূহের ক্ষেত্রে পদ ও ইনস্টিটিউট-এর নাম এবং অন্যান্য ক্ষেত্রে পদ ও বিভাগ/বিষয়-এর নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
৫. নির্বাচনী পরীক্ষায়/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ/বাতিল অথবা এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে।
৭. উল্লেখ্য যে, বিগত ২৯-১২-২০২১ তারিখের শেকৃবি/প্রশা:/স:নি:শি:-০১/২০২১-৩০৪০ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তি'র আলোকে যে সকল প্রার্থী (১) এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং বিভাগ, (২) কৃষি পরিসংখ্যান বিভাগ এবং (৩) ফিশিং এন্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি বিভাগ-এর প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে আবেদন করেছিলেন তাঁদের উক্ত পদসমূহে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া ২৩-০৩-২০২৩ তারিখের শেকৃবি/প্রশা:/স:নি:শি:-০১/২০২১-১১১৯ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তি'র আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাঁদেরও সংশ্লিষ্ট পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**শেখ রেজাউল করিম**
রেজিস্ট্রার, শেকৃবি